

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ	ড. মোঃ রেজাউল হক অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বরত) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	সভাকক্ষ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	২৯ সেপ্টেম্বর ২০১৯
সময়ঃ	১১.৩০ টায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। শুদ্ধাচার বলতে মূলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে বোঝায়। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অন্যতম অনুসংগ। এ কর্মপরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রণালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে গঠিত নৈতিকতা কমিটির সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে সভায় উল্লেখ করা হয়।

২। সভার অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শাকিলা জেরিন আহমেদ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি ওয়েবসাইটে সেবাবস্তু হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ১২টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লিখিত বিষয়ে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়েছে মর্মে জানান। ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা সভার সিদ্ধান্তসমূহও বাস্তবায়িত হয়েছে। এ বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি বিগত অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন এবং ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব মোঃ মহিদুর রহমান মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের পর্যালোচনা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, সংস্থাসমূহের যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা ১ম কোয়ার্টার সমাপ্তির পূর্বেই অর্জনের পদক্ষেপ নিতে হবে। মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

(ক) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের অগ্রগতি প্রতিবেদনের খসড়া অনুমোদন করা হয়;

(খ) ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কার্য সম্পাদন হলে সে সকল অর্জনের তথ্যাদি অন্তর্ভুক্ত করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ২০১৯ পযন্ত সময়ের অর্জনের তথ্যাদি অন্তর্ভুক্ত করে আগামী ১০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(ঘ) মন্ত্রণালয়সহ আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;


(ঙ) দপ্তর/সংস্থাসমূহের যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা ১ম কোয়ার্টার সমাপ্তির পূর্বেই অর্জনের পদক্ষেপ নিতে হবে।

(চ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ছ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে সিটিজেন চার্টার বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।

(জ) আলোচনাক্রমে নৈতিকতা কমিটি পুনর্গঠন করতে হবে;

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


ড. মোঃ রেজাউল হক
অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বরত)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়